

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪ বি, আগারগাঁও, প্র/এ  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
ওয়েব সাইট : [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-১১১৪

তারিখঃ ০৩/১২/২০১৭খ্রিঃ

বিষয় : গাইবান্ধা জেলার সাঘাটা টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউটের প্রভাষক(কম্পিউটার অপারেশন), জনাব মোঃ আসাদুজ্জামান-এর এমপিও ভুক্তির বিষয়ে শুনানীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলাধীন সাঘাটা টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউটের প্রভাষক(কম্পিউটার অপারেশন), জনাব মোঃ আসাদুজ্জামান-এর এমপিও ভুক্তির জন্য অত্র দপ্তরে আবেদন দাখিল করেন। যার ডকেট নং-১২৪৬/১৫, তারিখঃ ০৮/০৭/২০১৫খ্রিঃ। তাঁর এমপিও ভুক্তির আবেদন যাচাই-বাছাই করে স্মারক নং-কাশিঅ/এমপিও/সভা/২০১৩/১৩৩ মূলে মার্চ/২০১৬খ্রিঃ হতে এমপিও কার্যকরের সিদ্ধান্ত গৃহিত হয়। কিন্তু পরবর্তীতে তাঁর একাডেমিক(অনার্স ও মাস্টার্স) সনদ জাল করণের অভিযোগ পাওয়া যায়। যার ডকেট নং-১৪২০/১৬ তারিখঃ ১০/০৩/২০১৬খ্রিঃ। প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে তাঁর এমপিও স্থগিত রেখে উক্ত বিষয়ে তদন্ত কার্যক্রম পরিচালনার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ দেয়া হয়।

- ২। আবেদনকারীর এমপিও কার্যকরী না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১০৯৬৯/২০১৭ দায়ের করেন।
- ৩। রিট পিটিশন নং-১০৯৬৯/২০১৭ মামলার মহামান্য আদালতের গত ০৭/০৮/২০১৭খ্রিঃ তারিখের আদেশ মোতাবেক বাদী জনাব মোঃ আসাদুজ্জামান, প্রভাষক(কম্পিউটার অপারেশন), সাঘাটা টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট, সাঘাটা, গাইবান্ধা এর গত ১২/০৬/২০১৭খ্রিঃ তারিখের আবেদন ০১(এক) মাসের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রায় প্রদান করেন, বিধায় নিম্ন বর্ণিত কাগজপত্রাদির সঠিকতা যাচাই করা প্রয়োজনঃ
  - ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক স্পেশালাইজেশন অনুমোদন ও স্বীকৃতি নবায়নের প্রমানক।
  - খ) প্রতিষ্ঠান অনুমোদনের সরকারী আদেশ (জিও) এর কপি।
  - গ) হালনাগাদ কর্মরত জনবলের তালিকা(পদ উল্লেখসহ)
  - ঘ) এমপিও শীট(সর্বশেষ)।
  - ঙ) মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের পত্র ও নিয়োগ বোর্ড গঠনের প্রতিনিধি পত্র।
  - চ) নিয়োগ সংক্রান্ত রেজুলেশনের মূল বহি।
  - ছ) মূল টেবুলেশন শীট।
  - জ) নিয়োগ ও যোগদান পত্র।
  - ঝ) পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মূলকপি(জাতীয় ও স্থানীয়)।
  - ঞ) আবেদনকারীর সকল একাডেমিক ও প্রশিক্ষণ সনদ(মূলকপি)।

এমতাবস্থায়, বর্ণিত কাগজ পত্রাদির মূলকপি ও ১ সেট সত্যায়িত ফটোকপিসহ প্রতিষ্ঠান প্রধান ও প্রভাষক(কম্পিউটার অপারেশন), জনাব মোঃ আসাদুজ্জামান-কে অত্র দপ্তরে আগামী ১১/১২/২০১৭খ্রিঃ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় উক্ত যাচাই কার্যক্রমে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ নূরুল ইসলাম)

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১। অধ্যক্ষ  
সাঘাটা টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট  
সাঘাটা, গাইবান্ধা।

২। জনাব মোঃ আসাদুজ্জামান  
প্রভাষক(কম্পিউটার অপারেশন)  
সাঘাটা টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট  
সাঘাটা, গাইবান্ধা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০১৭-১১১৪(৮)

তারিখঃ ০৩/১২/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :

- ১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ২। উপ-সচিব(কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
- ৪। সভাপতি, সাঘাটা টেকনিক্যাল এন্ড বি.এম ইন্সটিটিউট, সাঘাটা, গাইবান্ধা।
- ৫। আইন কর্মকর্তা, আইন সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৭। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।



(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক (এমপিও)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।